

Meeting of Prime Minister with President of South Africa on the sidelines of G-7 Summit

June 27, 2022

জি-৭ শিখর সম্মেলনের ফাঁকে দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতির সঙ্গে
প্রধানমন্ত্রীর বৈঠক
জুন ২৭, ২০২২

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী জার্মানীর স্কলস এলমাউতে জি-৭ শিখর সম্মেলনের ফাঁকে ২০২২এর ২৭ জুন দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতি সিরিল রামাফোসা-র সঙ্গে সাক্ষাৎ করেন।

২. উভয় নেতা দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতির পর্যালোচনা করেন। বিশেষ করে ২০১৯ সালে সহযোগিতার ক্ষেত্রে যে কৌশলগত কর্মসূচি স্বাক্ষরিত হয়েছিল তার পর্যালোচনা করা হয়। শিক্ষা, প্রতিরক্ষা এবং কৃষিক্ষেত্রে যে উন্নয়ন হয়েছে সে বিষয়ে সন্তোষ প্রকাশ করেন এবং বাণিজ্য, বিনিয়োগ, খাদ্য নিরাপত্তা, প্রতিরক্ষা, ফার্মাসিউটিক্যালস, দক্ষতা উন্নয়ন, বিমা, স্বাস্থ্য ও মানুষে মানুষে যোগাযোগের মতো বিষয়গুলিতে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও নিবিড় করার ওপর গুরুত্ব দেন।

৩. উভয় নেতা উন্নয়নশীল দেশগুলিতে কোভিড-১৯ প্রতিষেধক উৎপাদনে সহায়তার জন্য ২০২২এর জুন মাসে যে ডাল্ফটিও চুক্তি স্বাক্ষরিত হয়েছে তাকে স্বাগত জানান। ভারত এবং দক্ষিণ আফ্রিকা কোভিড-১৯এর চিকিৎসা ও এই রোগ প্রতিরোধে ট্রিপস-এর চুক্তির কিছু বিষয়ে ডাল্ফটিও-র সব সদস্য দেশগুলিকে ছাড় দেওয়া সম্পর্কিত প্রথম প্রস্তাবটি পেশ করেছে।

৪. এছাড়া, বহুপাক্ষিক সমন্বয় বৃদ্ধির বিষয়ে, বিশেষ করে রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদের পুনর্গঠনের ওপরেও আলোচনায় জোর দেওয়া হয়।

গ্লোস এলমাউ
জুন ২৭, ২০২২

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.